

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

এস. আর. ও. নং -----আইন/২০২১।- বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নং আইন) এর ধারা ১৪৬, ধারা ৭৬ এর
সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**— (১) এই বিধিমালা বীমাকারীর পরিচালক নির্বাচন বিধিমালা, ২০২১ নামে অভিহিত
হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**— (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থ কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) “আইন” অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নং আইন);

(খ) “কর্তৃপক্ষ” অর্থ আইনের ধারা ২(১০) এ সংজ্ঞায়িত কর্তৃপক্ষ;

(গ) “পরিচালনা পর্ষদ” অর্থ আইনের ধারা ৭৬(১) এ বর্ণিত পরিচালনা পর্ষদকে বুঝাইবে।

(২) এই বিধিমালায় যেই সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নাই, সেই
সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে, এই বিধিমালায়ও উক্ত অর্থে প্রযোজ্য
হইবে।

৩। **পরিচালক নির্বাচন।**— (১) বীমাকারীর প্রত্যেক বার্ষিক সাধারণ সভায়-

(ক) উদ্যোক্তা পরিচালকদের এক-তৃতীয়াংশ এবং জনগণের অংশের শেয়ারহোল্ডার পরিচালকদের এক-তৃতীয়াংশ
অবসর গ্রহণ করিবে।

(খ) কোম্পানীর সংঘবিধিতে যাহাই থাকুক না কেন, উদ্যোক্তা শেয়ারহোল্ডারগণ তাঁহাদের নিজেদের মধ্য
হইতে এক-তৃতীয়াংশ এবং জনগণের অংশের শেয়ারহোল্ডারগণ তাঁহাদের নিজেদের মধ্য হইতে এক-তৃতীয়াংশ
পরিচালক নির্বাচন করিবে।

(গ) পরিচালনা পর্ষদের এক-তৃতীয়াংশের অধিক পরিচালক নিয়োগ বা নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ
করিতে হইবে।

(২) বীমাকারীর পরিচালনা পর্ষদের সভায় নিয়োগপ্রাপ্ত নিরপেক্ষ পরিচালকের নিয়োগ বার্ষিক সাধারণ সভায় অনুমোদিত
হইতে হইবে।

(৩) বীমাকারীর পরিচালক পদে নির্বাচনের ক্ষেত্রে নির্বাচন অনুষ্ঠিত হইবার কমপক্ষে ১ (এক) বৎসর পূর্বে কোম্পানীর
পরিশোধিত মূলধনের ন্যূনতম ২% (দুই শতাংশ) শেয়ার ধারণ করিতে হইবে।

(৪) নির্বাচনের তারিখ, সময়, স্থান ও অন্যান্য বিষয়াদি এবং নির্বাচিতব্য পরিচালকের সংখ্যাসহ নির্বাচনের তফসিল
উক্তরূপ নির্বাচনের ৬০ (ষাট) দিন পূর্বে অন্যুন দুইটি অধিক প্রচারিত জাতীয় দৈনিকে বিজ্ঞাপনের মাধ্যমে প্রকাশিত
হইতে হইবে।

(৫) যেইক্ষেত্রে বাছাই অন্তে দেখা যায় যে, নির্বাচনে প্রার্থীর সংখ্যা নির্বাচিতব্য পরিচালকের সংখ্যার সমান, সেক্ষেত্রে
কোম্পানী সচিব কর্তৃক সকল প্রার্থীকে পরিচালকরূপে নির্বাচিত মর্মে ঘোষণা করিতে হইবে এবং তদানুসারে সংশ্লিষ্ট
সকলকে অবহিত করিতে হইবে।

(৬) নির্বাচনী সভা বীমাকারীর পরিচালনা পর্ষদ কর্তৃক একাধিক পরিচালককে নিয়ে গঠিত নির্বাচন কমিটি কর্তৃক
পরিচালিত হইবে।

(৭) প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ নির্বাচনের ক্ষেত্রে নির্বাচন কমিটি নির্বাচন প্রক্রিয়া নির্ধারণ করিবে।

(৮) নির্বাচনী সভায় নির্বাচন কমিটি ভোট গণনা করিবে এবং নির্বাচিত প্রার্থীর নাম ঘোষণা করিবে।

ড. এম. মোশারুর হোসেন
বীমা উন্নয়ন ও নিরোগ কর্তৃপক্ষ
৩/এ সিলকুপা বাড়ি, ঢাকা-১০০০

(৯) যে কোন একজন শেয়ারহোল্ডারের ভোটের অধিকার সকল শেয়ারহোল্ডারের ভোটের অধিকারের ১০ (দশ) শতাংশের
বেশী হইবে না।

৪। **রাষ্ট্রমালিকানাধীন বীমাকারীর অব্যাহতি।**— রাষ্ট্রমালিকানাধীন বীমাকারীর পরিচালক অথবা পরিচালনা পর্যন্ত/বোর্ড
নির্বাচনের ক্ষেত্রে এই বিধিমালার বিধানাবলী প্রযোজ্য হইবে না।

৩/১১/২০২০
ড. এম. মোশারুর হোসেন রাষ্ট্রপতির আদেশক্রমে
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও শিল্প কর্তৃপক্ষ
৩৭/এ দিলক্ষণা বাই/এ, ঢাকা-১০০০

(সঠিক)